

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়  
প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ  
নন্দনকানন, চট্টগ্রাম-৪০০০  
www.dpe.chittagongdiv.gov.bd

স্মারক নং-৩৮.০১.২০০০.০০০.৩৩.০০৫.২২. ১৫০৫

তারিখ: ৩১ জুলাই, ২০২৩

অফিস আদেশ

চট্টগ্রাম বিভাগাধীন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুমিল্লা এর ০২-০৭-২০২৩ তারিখের ১৫৯০ নং স্মারকে প্রেরিত সুপারিশের প্রেক্ষিতে নিম্নবর্ণিত শিক্ষকের নামের পাশে বর্ণিত সময়ের জন্য বহি: বাংলাদেশ (সিংগাপুর) গমন ও অবস্থানের অনুমতিসহ ১৯৫৯ সনের নির্ধারিত ছুটি বিধিমালা ৩(১)(iii) ধারা মোতাবেক নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে অর্ধগড় বেতনে বহি: বাংলাদেশ গমনের নিমিত্ত অর্জিত ছুটি মঞ্জুর করা হলো।

ক্র. নং	নাম, পদবি ও কর্মস্থল	মঞ্জুরীকৃত ছুটির সময়কাল	ভ্রমণের উদ্দেশ্য ও গন্তব্যস্থল
১.	জনাব তাছলিমা আক্তার সহকারী শিক্ষক বলীঘর পূর্ব সরকারি প্রাথমিক বিদ্যালয় মুরাদনগর, কুমিল্লা।	১০-০৭-২০২৩ হতে অথবা যাত্রার তারিখ হতে ১৫ (পনেরো) দিন।	স্বামীর সাথে সাক্ষাতের নিমিত্ত স্বামীর কর্মস্থল সিংগাপুর গমন।

শর্তাবলী:

- বহি: বাংলাদেশ গমনের পূর্বে এবং প্রত্যাবর্তন পরে উপজেলা শিক্ষা অফিসারকে অবহিত করতে হবে।
- কোনক্রমেই নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না। নির্ধারিত সময়ের মধ্যে কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ছুটিকালীন বেতন-ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।
- এ ভ্রমণে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লিষ্টতা থাকবে না।
- নির্ধারিত সময়ে পর কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন এবং সেক্ষেত্রে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর ০৮ জুন, ২০২২ তারিখের ৩৮.০০.০০০০.১০৭.১৮.০০২.২০১৭-৮১২ নং পত্র মোতাবেক অনুমোদিত বহি:বাংলাদেশ ছুটির পরবর্তী অননুমোদিত অনুপস্থিতির জন্য তিনি কোন বেতন ভাতাদি প্রাপ্য হবেন না।

স্বাক্ষরিত/-

ড. মো: শফিকুল ইসলাম

বিভাগীয় উপপরিচালক

ফোন: ০২৩৩৩৩৫৫২৫৩

E-mail: ddchitt@gmail.com

স্মারক নং-৩৮.০১.২০০০.০০০.৩৩.০০৫.২২. ১৫০৫/২২

তারিখ: ৩১ জুলাই, ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- ১। মহাপরিচালক (শ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
- ২। মহাপরিচালক, বর্হিগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩। হাই কমিশনার, বাংলাদেশস্থ সিংগাপুর দূতাবাস, ঢাকা।
- ৪। পরিচালক, হযরত শাহজালাল (রা:) আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা/চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর, চট্টগ্রাম।
- ৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুমিল্লা। উক্ত শিক্ষক ছুটি শেষে কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে শিক্ষকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে এ কার্যালয়কে অবহিত করবেন।
- ৬। উপজেলা শিক্ষা অফিসার, মুরাদনগর, কুমিল্লা। বর্ণিত শিক্ষক ছুটি শেষে কর্মস্থলে যোগদানের বিষয়টি নিশ্চিত করে এ কার্যালয়কে অবহিত করবেন এবং বর্ণিত শিক্ষকের ছুটি/অনুপস্থিতকালীন বিদ্যালয়ে পাঠদান কার্যক্রম ব্যাহত হলে প্রত্যয়ন প্রদানকারী উপজেলা শিক্ষা অফিসার ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।
- ৭। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, মুরাদনগর, কুমিল্লা।
- ৮। জনাব তাছলিমা আক্তার, সহকারী শিক্ষক, বলীঘর পূর্ব সরকারি প্রাথমিক বিদ্যালয়, মুরাদনগর, কুমিল্লা।
- ৯। সংরক্ষণ নথি।

ড. মো: শফিকুল ইসলাম

বিভাগীয় উপপরিচালক